



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



নং : ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩১২.১৮-

তারিখ : ১৯-১২-২০১৮ খ্রি:

### প্রজ্ঞাপন

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ কার্য সম্পাদনের জন্য জানানো যাচ্ছে যে, ১৪-১১-২০১৮ তারিখ মহান জাতীয় সংসদে ৬৬নং আইনবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ গেজেটে প্রকাশিত হয়েছে।

এ আইনের ২৩ নং ধারায় বোর্ডের স্থায়ী কর্মচারীদের অবসর গ্রহণের বয়স “আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নরূপ যা কিছুই থাকুন কেন বোর্ডের স্থায়ী কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স হইবে ৬০ (ষাট) বৎসর” বলবৎ করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত আইনবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্থায়ী কর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৬০ (ষাট) বৎসর নির্ধারণ করা হলো।

এ আদেশ গেজেট জারীর তারিখ থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

(মোঃ মোস্তাফিজুর রহমান)  
চেয়ারম্যান

ফোন : ৮১৪৩৭২৪ (অফিস)

নং : ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩১২.১৮-

তারিখ : ১৯-১২-২০১৮ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ৩-৬। পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। সেকশন অফিসার (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নূর-এ-ইলাহী)  
উপ-সচিব (প্রশাসন)

ফোন : ৫৮১৫৩৫৬৫ (অফিস)।